**১২| মনে কর তুমি স্নেহা/শান্ত। তুমি কসবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণি রোল নম্বর-৪। তুমি উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহন করতে ইচ্ছুক। প্রদত্ত তথ্যের আলোকে নিচের ফরমটি পূরণ কর।   ৫**

**প্রতিযোগিতার ফরম**

১। প্রতিযোগীর নাম : ......................................

২। বিদ্যালয়ের নাম : ......................................

৩। শ্রেণি : ..................................................

৪। রোল নম্বর: ..............................................

৫। প্রতিযোগীতার বিষয় :.....................................

**১৩| মনে কর তুমি সুমন/সুমনা। তোমার বন্ধু/বান্ধবীর নাম রহিম/রহিমা। তোমার দেখা বৈশাখী মেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধু/বান্ধবীকে একটি চিঠি লিখ।   ৫**

**১৪| প্রদত্ত সংকেতের আলোকে নিচের যে কোনো বিষয়ের ২০০ শব্দের মধ্যে একটি  রচনা লিখ।**

**ক)** গরু (ভূমিকা,-বর্ণনা-স্বভাব ও খাদ্য-উপকারিতা-উপসংহার)

**খ)** পাট (ভূমিকা-বর্ণনা-ব্যবহার-অর্থনৈতিক গুরুত্ব-উপসংহার)

**গ)**  কম্পিউটার: (ভূমিকা-বর্ণা-শিক্ষাক্ষেত্রে কম্পিউটার-অপব্যবহার-উপসংহার)

**ঘ)** আমার বাবা: (ভূমিকা-পেশা-অবদান-বাবার প্রতি সন্তানের কর্তব্য-উপসংহার)

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

## অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

**শ্রেণি: পঞ্চম**

**বিষয়: বাংলা**

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট**   **পূর্ণমাণ: ১০০**

**প্রদত্ত অনুচ্ছেদটি ১ ও ২ নং প্রশ্নের উত্তর লিখ।**

সময়টা ১৯৭১ সালের ৫ই সেপ্টেম্বর। যশোরের পাকিস্তানি ছুটিপুর ক্যাম্প। একটু দূরে গোয়ালহাটি গ্রামে টহল দিচ্ছিলেন পাঁচ মুক্তিযোদ্ধা। এদেরই নেতৃত্বে ছিলেন ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ। পাকিস্তানি সেনারা টের পেয়ে যায় মুক্তিযোদ্ধাদের অবস্থান। রাজাকারদের সহায়তায় তিনদিক থেকে পাকিস্তানি সেনারা তাঁদের ঘিরে ফেলে। কিন্তু মুক্তিযোদ্ধারা দমবার পাত্র নন। এই দলেই ছিলেন অসীম সাহসী মুক্তিযোদ্ধা নান্নু মিয়া। কিন্তু প্রতিপক্ষের একটা গুলি হঠাৎ এসে লাগে তাঁর গায়ে। নূর মোহাম্মদ তাঁকে এক হাত দিয়ে কাঁধে তুলে নিলেন আর অন্য হাত দিয়ে গুলি চালাতে লাগলেন। কৌশল হিসেবে বার বার নিজের অবস্থান পরিবর্তন করতে থাকলেন তিনি। উদ্দেশ্য একজন নন অনেক মুক্তিযোদ্ধা যুদ্ধ করছেন শত্রুদের এরকম একটা ধারণা দেওয়া। সংখ্যায় কম বলে সহযোদ্ধাদের নির্দেশ দিলেন পিছিয়ে গিয়ে অবস্থান নিতে। কিন্তু হঠাৎ মর্টারের একাট গোলা এসে লাগল তাঁর পায়ে । গোলার আঘাতে চূর্ণ-বিচূর্ণ হয়ে গেল তাঁর পা। তিনি বুঝতে পারলেন মৃত্যু আসন্ন।

**১। নিচের শব্দার্থগুলোর অর্থ লিখ : যেকোনো ৫টি**   ১ × ৫ = ৫

টহল, আসন্ন, মুক্তিযোদ্ধা, ক্যাম্প, বরেণ্য, হালকা, কৌশল ।

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ।**   **২ + ৪ + ৪ = ১০**

**ক)** মুক্তিযোদ্ধা দলের নেতৃত্ব দিচ্ছিলেন কে ?

**খ)** প্রতিপক্ষকে বিভ্রান্ত করতে নূর মোহাম্মদ কী কৌশল নিয়েছিলেন ?

**গ)** কেন নূর মোহাম্মদ বুঝতে পারলেন তাঁর মৃত্যু আসন্ন ?

**প্রদত্ত অনুচ্ছেদটি ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর লিখ।**

মৃৎশিল্প হচ্ছে বাংলাদেশে শিল্প কলার অন্যতম উপাদান। যুগ যুগ ধরে এদেশের একটি সম্প্রদায় এ শিল্পটিকে নৈপুণ্যের সঙ্গে ধারণ করে আসছে। এ কাজে দক্ষতার পেছনে কুমারদের যেমন সৌন্দর্যবোধ রয়েছে তেমনি রয়েছে কারিগরি জ্ঞান। পেশাটি তারা বংশ পরম্পরায় বহন করে চলেছে। মৃৎশিল্পীরা বিশেষ ধরণের মাটি দিয়ে এ শিল্পের কাজ করে থাকে। নানারকম তৈজসপত্র ছাড়াও মৃৎশিল্পীরা বিভিন্ন ধরনের মূর্তি তৈরি করে। এসব মূর্তি মানুষ ঘরে সাজিয়ে রাখে সৌন্দর্য বৃদ্ধির জন্য এর অবশ্য আরও একটা কারণ আছে। কুমারদের তৈরি মূর্তিতে ফুটে ওঠে আমাদের সুপ্রাচীন ঐতিহ্য, যেমন-লোক শিল্প জাদুঘরে অনেক মাটির মূর্তি নিদর্শন হলো টেরাকোটার কাজ। পোড়ামাটির ফলকে তৈরি এসব নকশা পুরনো মন্দির সহ দেশের বিভিন্ন জায়গায় রয়েছে। মাটির তৈরি এসব নকশায় ফটে ওঠে

যুদ্ধের দৃশ্য, রাজদরবারের দৃশ্য, যুদ্ধ সাজে সৈনিকের দৃশ্য, পশু শিকারের দৃশ্য কিংবা প্রার্থনার দৃশ্য।

৩। **প্রদত্ত শব্দের অর্থ বুঝে শূন্যস্থান পূরণ করঃ-** ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| নকশা | রেখা দিয়ে আঁকা ছবি |
| উপাদান | যা দিয়ে কোনো কিছু বানানো হয় |
| মৃৎশিল্প | মাটির তৈরি শিল্প |
| পরম্পরা | একের পর আরেক |
| টেরাকোটা | পোড়ামাটির ফলক |
| নিদর্শন | নমুনা, উদাহরণ। |

**ক)** আমি সোনারগাঁয়ে কাঠের কাজের ......... দেখছি।
**খ)** ......... এদেশের সবচেয়ে পুরনো শিল্প।
**গ)** আমি পুরনো মন্দিরের গায়ে ....... দেখেছি।
**ঘ)** ......... ঠিক রেখে কাজ করা উচিত।
**ঙ)** মৃৎশিল্পের মূল ............ হলো মাটি।

৪| **নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :** ৫ × ৩ = ১৫

**ক)** মৃৎশিল্পীরা কীভাবে মাটি দিয়ে সুন্দর সুন্দর দ্রব্য তৈরি করে ?
**খ)** কুমোরেরা মৃৎশিল্পে কীভাবে নৈপূন্য লাভ করেছে?
**গ)** মাটির মূর্তি ঘরে রাখার কারণ ব্যাখ্যা করো।

৫| **ক্রিয়াপদের চলিত রূপ লিখ।** ১ × ৫ = ৫

হইল, নামিল, হইবে, হারাইয়াছিল, থামিল, চলিয়াছে, করিব।

৬| **অনুচ্ছেদটি পড়ে ৫টি প্রশ্ন তৈরিকরণ: (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন)** ৫

এই যে নদী
নদীর জোয়ার
নৌকা সারে সারে
একলা বসে আপন মনে
বসে নদীর ধারে-
এই ছবিটি চেনা।
মনের মধ্যে যখন খুশি
এই ছবিটি আঁকি
একপাশে তার জারুল গাছে
দুটি হলুদ পাখি-
এমনি পাওয়া এই ছবিটি
কড়িতে নয় কেন।

**৭। যুক্তবর্ণগুলো ভেঙ্গে একটি করে শব্দ তৈরি কর এবং তৈরিকৃত শব্দ দিয়ে একটি করে বাক্য গঠন কর। যেকোনো ৫টি** ২ × ৫ = ১০

**স্ব, ত্র, দ্ব, স্ত্র, ক্র, ঙ্ক, স্ত।**

৮| **বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লিখ :** ৫

বিশ্বে কোনো কোনো প্রাণীর নামের সঙ্গে জড়িয়ে থাকে দেশের নাম বা জায়গার নাম যেমন ক্যাঙ্গারু বললেই অস্ট্রেলিয়ার কথা মনে হবে সিংহ বললেই মনে হবে আফ্রিকার কথা তেমনি বাঘ বা টাইগার শুনলেই রয়্যাল বেঙ্গল টাইগারের কথা স্মরণ হবেই এর অর্থ পৃথিবীর অন্য কোথাও টাইগার বা বাঘের দেখা যদি মেলেও তবু বাংলাদেশে টাইগারের কোনো তুলনা নেই রয়্যাল বেঙ্গল টাইগার অনন্য তুলনহীন

৯| **এক কথায় প্রকাশ কর : (যেকোনো ৫টি)** ৫

কোকিলের ডাক, অন্যের অধীন, স্রোত আছে যে নদীর, খ্যাতি আছে যার, সোনালি রঙের লতা, নদী ও সাগরের ঢেউ, দেশের জন্য প্রাণদানকারী।

১০| **বিপরীত শব্দ লিখ : (যেকোনো ৫টি)** ৫

প্রতিধ্বনি, ছেলে, বাবা, জন্ম, সুন্দর, ভাই, ঘৃণা।

১১| **কবিতার লাইনগুলো পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও:** ২ + ৫ + ৩ = ১০

শহরের পাতি কাক ডাকে ঝাঁকে ঝাঁকে
ঘুম দেয়া মুশকিল হর্ণের হাঁকে।
সিডি চলে, টিভি চলে, বাজে টেলিফোন
দরজায় বেল বাজে, কান পেতে শোন।
গলিপথে ফেরিঅলা হাঁকে আর হাঁটে
ছোটদের হইচই ইশকুল মাঠে।
পল্লির সেই সুরে ভরে যায় মন।
শহুরে জীবন জ্বালা শব্দ দূষণ।

**ক)** কবিতাংশটুকু তোমার পঠিত কোন কবিতার অংশ এবং উক্ত কবিতার কবির নাম কী?
**খ)** কবিতাংশটুকুর ভাবার্থ লিখ।
**গ)** শহুরে জীবন জ্বালা শব্দ দূষণ বলতে কী বোঝানো হয়েছে ?